



রোগী এবং শুষ্কষাকারীর শিক্ষা

# একটি ফেসাল ইমিউনোকেমিকেল টেস্ট (FIT) কীভাবে করা হয়

FIT হল আপনার মলে রক্ত আছে কিনা তা পরীক্ষা করতে ব্যবহৃত একটি টেস্ট। বিভিন্ন কারণে আপনার মলে রক্ত আসতে পারে। কেন আপনার টেস্টটি করা হচ্ছে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী তা আপনাকে বলে দেবেন।

## আপনার FIT এর জন্য প্রস্তুত হন

আপনার FIT এর জন্য প্রস্তুত হতে এই নির্দেশাবলী অনুসরণ করুন:

- আপনার FIT এর আগে কোনো খাবার বা ওষুধ এড়িয়ে যাওয়ার প্রয়োজন আপনার নেই।
- আপনার টয়লেটের পাত্রে বা ট্যাঙ্কে কোনো টয়লেট পরিষ্কারক বা রাসায়নিক থাকলে, তা সরিয়ে ফেলুন এবং টয়লেটটি 2 থেকে 3 বার ফ্ল্যাশ করুন। সেগুলি আপনার FIT এর ফলাফলগুলিকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

নিম্নলিখিত কোনো একটি থাকলে আপনার FIT এর জন্য মলের নমুনাগুলি সংগ্রহ করবেন না:

- আপনার টেস্ট কার্ডের মেয়াদ শেষ হয়ে গেছে। আপনার মলের নমুনা সংগ্রহ করার আগে আপনার টেস্ট কার্ডের ওপরের মেয়াদ শেষের তারিখ পরীক্ষা করুন।
- আপনার টেস্ট কার্ড নষ্ট বা ময়লা হয়ে গেছে।
- আপনার হেমোডয়েডস (আপনার মলদ্বারের শিরা ফুলে থাকা) আছে যা থেকে রক্তক্ষরণ হচ্ছে।
- আপনার প্রস্রাবের (মূত্র) সাথে রক্ত আসছে বা আপনি আপনার টয়লেটের পাত্রে রক্ত দেখতে পাচ্ছেন। আপনি রক্ত দেখতে পেলে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে ফোন করুন।
- আপনার ঋতুচক্র শুরু হয়েছে, গত 3 দিনের মধ্যে আপনার ঋতুস্রাব হয়েছে, বা আপনার ঋতুস্রাব শুরু হবে বলে আশা করছেন।
- আপনার হাত কেটে গেছে এবং তা থেকে রক্ত বেরচ্ছে।

## আপনার নমুনা সংগ্রহ করুন

আপনার মলের নমুনা সংগ্রহ করতে এবং আপনার FIT করতে এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:


1. আপনার সামগ্রীগুলি একত্রিত করুন। সেগুলি বাথরুমে এমন জায়গায় রাখুন যেখানে সহজেই আপনি নাগাল পান। আমাদের আপনার এগুলি প্রয়োজন:

- টেস্ট কার্ড
- 2টি ব্রাশ থাকা ব্রাশ কিট এবং 1টি ময়লা ফেলার ব্যাগ
- ফেরত পাঠানোর খাম
- লেবেল
- নমুনার ব্যাগ
- আবর্জনা ফেলার পাত্র

2. আপনি আপনার নমুনা সংগ্রহ করার আগে টয়লেটটি 2 থেকে 3 বার ফ্ল্যাশ করুন।

3. আপনি সাধারণত যেভাবে মলত্যাগ (পটি) করেন সেইভাবে মলত্যাগ করতে টয়লেটে বসুন। মলত্যাগের পরে টয়লেটে ফ্ল্যাশ করবেন না।


4. আপনার টেস্ট কার্ডের সামনের ফ্ল্যাপটি তুলুন। আপনি 2টি লেবেল করা সাদা বর্গক্ষেত্র "1" এবং "2" দেখবেন (চিত্র 1 দেখুন)।



চিত্র 1. আপনার টেস্ট কার্ডের ফ্ল্যাপটি তুলুন


5. আপনার ব্রাশ কিট থেকে একটি ব্রাশ ব্যবহার করে, আপনার মলের উপরিভাগ 5 সেকেন্ড ধরে আস্তে ব্রাশ করুন (চিত্র 2 দেখুন)।

- আপনার মল নরম হলে, মলের আশেপাশের জল আপনার ব্রাশ দিয়ে 5 সেকেন্ড ধরে নাড়ুন।



চিত্র 2. আপনার মলের উপরিভাগ ব্রাশ করুন

6. জল থেকে ব্রাশটি তুলে নিন। ব্রাশটি থেকে অতিরিক্ত জল এবং মলের টুকরো সরাতে টয়লেটের উপর সেটি আস্তে ঝাঁকান।
7. আপনার টেস্ট কার্ডে "1" চিহ্নিত বর্গক্ষেত্রটির ভিতরে ব্রাশটি ঘষুন (চিত্র 3 দেখুন)। ব্রাশটি ময়লা ফেলার ব্যাগে রাখুন।



8. অন্য ব্রাশটি ব্যবহার করে, 5 ও 6 ধাপ দুটি পুনরায় করুন। তারপর, আপনার টেস্ট কার্ডে "2" চিহ্নিত বর্গক্ষেত্রটির ভিতরে ব্রাশটি ঘষুন। ব্রাশটি ময়লা ফেলার ব্যাগে রাখুন এবং সেটি ফেলে দিন।
9. টয়লেট ফ্ল্যাশ করুন।
10. আপনার হাত ধুয়ে নিন। আপনার হাত গরম জলে ভেজান, তারপর সাবান দিয়ে অন্তত 20 সেকেন্ড ধরে ঘষুন। কলের গরম জলের নিচে হাত দিয়ে ভালো করে ধুয়ে নিন।
11. টেস্ট কার্ডের ফ্ল্যাপটি বন্ধ করুন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে যে লেবেল দিয়েছেন তার তথ্যাবলী সঠিক কিনা পরীক্ষা করুন। লেবেলটি টেস্ট কার্ডের ওপর রাখুন। ফ্ল্যাপটি না খোলে তার জন্য সেটি নিশ্চিতভাবে ডটযুক্ত লাইনের মধ্যে রাখুন।
12. নমুনার ব্যাগে লেবেলের উপরে আপনার নমুনা সংগ্রহের তারিখ ও সময় লিখুন।
13. আপনার টেস্ট কার্ড নমুনার ব্যাগে রাখুন। তারপর, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর দেওয়া প্রি-পেড খামে নমুনার ব্যাগটি রাখুন। ডাক ঠিকানা খামে ছাপা/লেখা আছে।
14. খামটি ডাকঘোলে পাঠান।

If you have any questions, contact a member of your care team directly. If you're a patient at MSK and you need to reach a provider after 5 p.m., during the weekend, or on a holiday, call 212-639-2000.

আরো রিসোর্সের জন্য [www.mskcc.org/pe](http://www.mskcc.org/pe)-এ ভিজিট করে আমাদের ভার্সুয়াল লাইব্রেরি দেখুন।

---

How to Do a Fecal Immunochemical Test (FIT) - Last updated on August 31, 2020

Memorial Sloan Kettering Cancer Center কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত